

## ডিসিনিউজ ।। ঢাকা

অত্র স্কুলের প্রধান শিক্ষক, মি. রতন পিটার গমেজের সভাপতিত্বে “ শিক্ষকরাই আদর্শ জাতি গঠনের কারিগর ” মূল প্রতিপাদ্য নিয়ে ২৩শে অক্টোবর ২০২৫, রোজ বৃহস্পতিবার ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে পালন করা হলো ” বিশ্ব শিক্ষক দিবস”।



অত্র স্কুলের শিক্ষার্থীরা শিক্ষকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ফুল দিয়ে বরন করে নেয়। শিক্ষকদের বিভিন্ন অবদান ও ত্যাগের কথা স্বরণ করে শিক্ষার্থীরা তাদের অনুভূতি প্রকাশ করে। অত্র স্কুলের সকল শিক্ষকগণ অক্লান্ত পরিশ্রম করে তাদের সুশিক্ষা দান করে যাচ্ছে বলে তারা উল্লেখ করে।

শিক্ষকদের পক্ষ হতে শিক্ষক দিবসের তাৎপর্য বিষয় বক্তব্য দেন মিসেস তৃপ্তি ডি' কস্তা । তিনি বলেন, ‘শিক্ষক দিবস প্রথমে পালন করা হয় ১৯৬৬ সালের ৫ই অক্টোবর। পরবর্তীতে জাতি সংঘের অন্যতম প্রতিষ্ঠান ইউনেসকো সিদ্ধান্ত অনুযায়ী ১৯৯৪ সালের ৫ই অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস

পালন করা শুরু হয়। এতে শিক্ষকদের দায়িত্ব ও মর্যাদা বৃদ্ধি পায়। শিক্ষার্থীদের অংশগ্রহণে নাচ, গান ও কবিতার মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালিত হয়।’



এ সময় আরো উপস্থিত ছিলেন ঢাকা ক্রেডিটের প্রাক্তন ডিরেক্টর সলোমন আই রোজারিও, নন্দা সেবাকেন্দ্রের ম্যানেজার সোহেল রোজারিও সহ স্কুলের শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ।

স্কুলের প্রধান শিক্ষক, মি. রতন পিটার গমেজ সকলকে ধন্যবাদ ও অনুপ্রেরণামূলক বক্তব্য দেন। বিশেষ ভাবে উল্লেখ্য যে উক্ত দিবস ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের শিক্ষার্থীদের দ্বারা আয়োজিত ও পরিচালিত হয়।